

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৪৫০

৪/ আন্তরিক কর্মাবলী

পরিচ্ছেদঃ আল্লাহর দয়ার আশা রাখার গুরুত্ব

আরবী

وَعَن عِبْبَانَ بِن مَالِكَ وَهُوَ مِمَّن شَهِدَ بَدراً قَالَ : كُنتُ أُصِلِّي لِقَوْمِي بَني سَالِم وَكَانَ يَحُولُ بَيْنِي ويَيْنَهُمْ وَاد إِذَا جَاءَتِ الأَمْطَار فَيَشُقُّ عَلَيَّ اجْتِيَازُهُ قِبَلَ مَسْجدهم فَجئتُ رَسُولَ اللهِ وَ فَقُلتُ لَهُ : إِنِّي أَنْكَرْتُ بَصَرِي وَإِنَّ الوَادِي الَّذِي بَيْنِي ويَيْنَ قَومِي يَسِيلُ إِذَا جَاءَتِ الأَمْطَارُ فَيَشُوّ عَلَيَّ اجْتِيَازُهُ فَوَددْتُ أَنَّكَ تَأْتِي فَتُصَلِّي فَي بَيْتِي مَكَاناً أَتَّخِذُهُ مُصَلِّى فَقَالَ رَسُولُ اللهِ وَ اللهِ عَلَيْ المُتَلِّي فَي اللهِ وَ اللهِ عَلَيْ اللهُ عَلَيْ اللهُ عَلَيْ المَعْلَى الله عَلَيْ اللهُ عَلَى اللهُ عَلَيْ اللهُ عَلَيْ اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَيْ اللهُ عَلَى اللهُ عَلَى المَكَانِ اللهِ عَلَى المَكانِ اللهُ عَلَيْ المَكانِ اللهُ عَلَى المَكَانِ اللهُ عَلَى المَكَانِ اللهُ عَلَى المَكانِ اللهُ عَلَى المَكَانِ اللهُ عَلَى المَكانِ اللهُ عَلَى المَكانِ اللهُ عَلَى المَكانِ اللهُ عَلَى المَكانِ اللهُ عَلَى المَكَانِ اللهُ عَلَى المَكَانِ اللهُ عَلَى المَكَانِ اللهُ عَلَى المَكْانِ اللهُ عَلَى المَكْونِ اللهُ عَلَى المَالهُ عَلَى المَكَانِ اللهُ عَلَى المَن الله عَلَى المَا الله عَلَى المَن اللهُ عَلَى المَن الله عَلَى المُن الله عَلَى المُنافِقِينَ فَقَالَ وَسُولُ اللهِ عَلَى المُنافِقِينَ فَوَاللهِ مَا نَرَى وُدًهُ ولا حَدِيثَةُ إِلاَ اللهُ يَبْتَغِي بِذَلِكَ وَجِهَ الله وَاللهِ مَا نَرَى وُدًهُ وَلا حَدِيثَةُ إِلاَ اللهُ يَاتَغِي بَذَلِكَ وَجْهَ الله مَنْ اللهُ عَلْ اللهُ عَلْ اللهُ اللهُ عَلْ اللهُ عَلْ اللهُ عَلْ اللهُ عَلْ اللهُ اللهُ عَلْ اللهُ عَلْ اللهُ اللهُ اللهُ اللهُ عَلْ اللهُ عَلْ اللهُ اللهُ عَلْ اللهُ اللهُ عَلْ اللهُ عَلْ اللهُ اللهُ اللهُ عَلْ اللهُ اللهُ عَلْ اللهُ عَلْ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ عَلْ اللهُ عَلْ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ عَلَى المُنافِقِي اللهُ اللهُ عَلَى اللهُ اللهُ عَلَى المُنَافِقِي عَلَى اللهُ اللهُ اللهُ اللهُ عَلَى المُنَا

বাংলা

(৪৫০) ইতবান ইবনে মালিক (রাঃ) থেকে বর্ণিত, যিনি বদর যুদ্ধে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে উপস্থিত ছিলেন, তিনি বলেন, আমি আমার গোত্র বানু সালেমের নামাযে ইমামতি করতাম। আমার ও তাদের (মসজিদের) মধ্যে একটি উপত্যকা ছিল। বৃষ্টি হলে ঐ উপত্যকা পেরিয়ে তাদের মসজিদে যাওয়া আমার জন্য কষ্টকর হত। তাই আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর খিদমতে হাযির হয়ে বললাম, হে আল্লাহর



রসূল! আমি আমার দৃষ্টিশক্তিতে কমতি অনুভব করছি। (এ ছাড়া) আমার ও আমার গোত্রের মধ্যকার উপত্যকাটি বৃষ্টি হলে প্লাবিত হয়ে যায়। তখন তা পার হওয়া আমার জন্য কষ্টকর হয়। তাই আমার একান্ত আশা যে, আপনি এসে আমার ঘরের এক স্থানে নামায আদায় করবেন। আমি সে স্থানটি নামাযের স্থান রূপে নির্ধারিত করে নেব।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেন, আচ্ছা তাই করব। সুতরাং পরের দিন সূর্যের তাপ যখন বেড়ে উঠল, তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম ও আবূ বকর (রাঃ) আমার বাড়ীতে এলেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম ঘরে প্রবেশের অনুমতি চাইলে আমি তাঁকে অনুমতি দিলাম। তিনি না বসেই আমাকে জিজ্ঞেস করলেন, তোমার ঘরের কোন্ স্থানে আমার নামায পড়া তুমি পছন্দ কর? আমি যে স্থানে তাঁর নামায পড়া পছন্দ করেছিলাম, তাঁকে সেই স্থানের দিকে ইশারা করে (দেখিয়ে) দিলাম।

সুতরাং রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম (নামাযে) দাঁড়িয়ে তকবীর বললেন। আমরা সারিবদ্ধভাবে তাঁর পিছনে দাঁড়িয়ে গেলাম। তিনি দু'রাকআত নামায পড়ে সালাম ফিরলেন। তাঁর সালাম ফিরার সময় আমরাও সালাম ফিরলাম। তারপর তাঁর জন্য যে 'খাযীর' (চর্বি দিয়ে পাকানো আটা) প্রস্তুত করা হচ্ছিল, তা খাওয়ার জন্য তাঁকে আটকে দিলাম। ইতোমধ্যে মহল্লার লোকেরা শুনল যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম আমার বাড়িতে। সুতরাং তাদের কিছু লোক এসে জমায়েত হল। এমনকি বাড়িতে অনেক লোকের সমাগম হল।

তাদের মধ্যে একজন বলল, মালিক (ইবনে দুখাইশিন) করল কী? তাকে দেখছি না যে? একজন জবাব দিল, সে মুনাফিক! আল্লাহ ও তাঁর রসূলকে ভালবাসে না। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, এমন কথা বলো না। তুমি কি মনে কর না যে, সে আল্লাহর সম্ভুষ্টি লাভের কামনায় লা- ইলাহা ইল্লাল্লাহ' বলেছে? সে ব্যক্তি বলল, আল্লাহ ও তাঁর রসূলই অধিক জানেন। তবে আল্লাহর কসম! আমরা মুনাফিকদের সাথেই তার ভালবাসা ও আলাপ-আলোচনায় তাকে দেখতে পাই। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, নিশ্চয় আল্লাহ সেই ব্যক্তিকে জাহান্নামের জন্য হারাম করে দিয়েছেন, যে ব্যক্তি আল্লাহর সম্ভুষ্টি লাভের কামনায় 'লা- ইলাহা ইল্লাল্লাহ' বলে।

ফুটনোট

(বুখারী ৪২৫, ১১৮৬, মুসলিম ১৫২৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ ইতবান ইবনু মালিক (রাঃ)

🔗 Link — https://www.hadithbd.com/hadith/link/?id=63969

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন